

**স্কুল ও কলেজ শিক্ষকদের ভাতা বৃদ্ধির আশ্বাস**

# শিক্ষাঙ্গনকে রাজনীতি মুক্ত রাখুনঃ এরশাদ

প্রেসিডেন্ট এইচ এম এরশাদ বলেছেন, শিক্ষার সৃষ্টি ও সহায়ক পরিবেশ নিশ্চিত করতে শিক্ষাঙ্গনকে চিরতরে রাজনীতির কলুষ মুক্ত করতে হবে।

বাসসর খবরে প্রকাশ প্রেসিডেন্ট রোববার বিকালে বঙ্গবনে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের প্রতিনিধিদলের সঙ্গে আলোচনা করছিলেন।

প্রেসিডেন্ট এরশাদ ফেডারেশনেরও চেয়ারম্যান। তিনি বলেন,

শিক্ষাপ্রতিষ্ঠানে বিশেষ করে সর্বোচ্চ বিদ্যাপীঠগুলোয় যে বিশেষ পরিস্থিতি বিরাজ করছে জাতির জন্য তা মোটেই সুখকর নয়।

তিনি বলেন, এই পরিস্থিতির হাত থেকে কিভাবে রেহাই পাওয়া যায় এবং শিক্ষাপ্রতিষ্ঠানে জ্ঞান অন্বেষণ সহায়ক শিক্ষার সৃষ্টি পরিবেশ কিভাবে নিশ্চিত করা যায় সে ব্যাপারে গুরুত্বসহকারে চিন্তাভাবনা করার সময় এসেছে।

বেসরকারী কলেজ ও স্কুল শিক্ষকদের বেতনে সরকারী অনুদান বর্তমানের বাট শতাংশ থেকে সত্তর শতাংশে বৃদ্ধি করা বিষয়ে আলোচনার সময়ে প্রেসিডেন্ট এরশাদ আশ্বাস দেন যে বিষয়টি পরীক্ষা করে সহানুভূতির সঙ্গে বিবেচনা করা হবে।

প্রতিনিধিদলে ছিলেন ফেডারেশনের কর্মকর্তাগণ এবং ফেডারেশনভুক্ত বিভিন্ন ইউনিট-

(শেষ পৃঃ ২-এর ৩ঃ দঃ)

**এরশাদ**

(প্রথম পৃঃ পর)

বাংলাদেশ কলেজ শিক্ষা সমিতি, বেসরকারী কলেজ শিক্ষক সমিতি, মাদ্রাসা শিক্ষক সমিতি, সরকারী স্কুল শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদকগণ। প্রতি-নিধিদল শংখলা বজায় রাখার ও শিক্ষার সৃষ্টি পরিবেশ বজায় রাখার স্বার্থে ক্যাম্পাসে রাজনীতি নিষিদ্ধ করার পক্ষে জোরালো অভিমত ব্যক্ত করেন।

প্রতিনিধিদল প্রেসিডেন্টের প্রতি সরকারী ও বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে ছত্র বেতনে বর্তমান তৈরী দূর করার আহ্বান জানায়। সরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের ছত্র বেতন ১৯৪৭ সাল থেকে সংশোধন করা হয়নি যদিও শিক্ষা খাতে ব্যয় বহুগুণ বৃদ্ধি পেয়েছে।

প্রতিনিধিদল প্রেসিডেন্টকে আশ্বাস দিয়েছে যে শিক্ষার পরিবেশ উন্নয়নের লক্ষ্যে যেকোন ব্যবস্থা বাস্তবায়নে ফেডারেশন সরকারকে সর্বাত্মক সমর্থন ও সহযোগিতা দেবে।

ধর্মমন্ত্রী ও ফেডারেশনের সেক্রেটারী জেনারেল মওলানা আবদুল মান্নানও উপস্থিত ছিলেন।